NEW YORK STATE | Department of Health

জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে বিচে হওয়া কার্যকলাপগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা

এই নথিটি পড়া হয়ে গেলে আপনি নিচে তা নিশ্চিত করতে পারবেন।

15 জুন 2020 পর্যন্ত

উদ্দেশ্য

COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে, লেক ও সাগরের বিচগুলি আবার খুলে দেওয়া হচ্ছে বলে, এই লেক ও সাগরের বিচগুলিতে হওয়া কার্যকলাপগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকাটি ("লেক ও সাগরের বিচগুলিতে হওয়া কার্যকলাপগুলির জন্য অন্তর্বর্তীকালীন COVID-19 নির্দেশিকা") লেক এবং সাগরের বিচ, এবং তটরেখার মালিক/পরিচালক এবং তাদের কর্মচারী এবং ঠিকাদারদের COVID-19 এর বিস্তার প্রতিরোধে সহায়তা করার সতর্কতাগুলি প্রদান করার জন্য তৈরি করা হয়েছে।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম আবশ্যিকতা এবং যে কোনো সরকারি বা বেসরকারি মালিক/পরিচালক অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকাগুলি স্টেটের পর্যায় । রিওপেনিংয়ের সময় জনস্বাস্থ্যের জন্য যে অভ্যাস বা চর্চাগুলি সবথেকে ভালো বলে জানা গেছে তার ওপর ভিত্তি করে করা হয়েছে, এবং এই নির্দেশিকাগুলি যে নথি ভিত্তিক তা ঘনঘন পরিবর্তিত হতে পারে বা হয়। দায়বদ্ধ পক্ষগণ – নিচে যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে – বিচে হওয়া কার্যকলাপের সাথে সম্পর্কিত সমস্ত স্থানীয়, স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আবশ্যিকতাগুলি মেনে চলার জন্য কৈফিয়তযোগ্য।

বেসরকারি পরিচালকদের এই আবশ্যকতাগুলির যে কোনো আপডেট হলে সে বিষয়ে অবগত থাকা, সেইসাথে যে কোনো বিচে হওয়া কার্যকলাপ এবং/অথবা সাইটের নিরাপত্তা পরিকল্পনাতে সেগুলি অন্তর্ভুক্ত করার জন্যও কৈফিয়তযোগ্য। তাদেরকে অবশ্যই নিচের লিঙ্কের এই নির্দেশিকার নথিতে থাকা বন্দোবস্তগুলি নিশ্চিত করতে হবে।

সরকারি পরিচালকদের এই আবশ্যকতাগুলির যে কোনো আপডেট হলে সে বিষয়ে অবগত থাকা, সেইসাথে যে কোনো বিচে হওয়া কার্যকলাপগুলিতে সেগুলি অন্তর্ভুক্ত করার জন্যও তারা কৈফিয়তযোগ্য। যদিও, সরকারি পরিচালকদের নিচে নিশ্চিত করতে হবে না, কিন্তু পরিবর্তে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health)কে এই নির্দেশিকাগুলি মেনে তাদের পরিচালনা করার অভিপ্রায়, এবং এই নির্দেশিকাগুলি দ্বারা লাগু করা ন্যূনতম মানদণ্ড কার্যকর করার অভিপ্রায় জানাতে, OpenBeach2020@health.ny.gov এ অবশ্যই বিজ্ঞপিত করতে হবে।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো বিস্তার ন্যূনতম করতে, যেখানে সম্ভব সেখানে, এবং কার্যনির্বাহী আদেশ 202.10 অনুযায়ী ব্যক্তিদের নিজেদের মধ্যে অবশ্যই অন্তত ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে, যে কোনো আকারের জনসমাবেশ বর্তমানে নিষিদ্ধ আছে।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছে, বিনামূল্যে তাদের মুখের আচ্ছাদন, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি

সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, তা প্রদান করতে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো কার্য নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দুরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো কার্য নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করা দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। ব্যবসায়িক প্রতিষ্ঠানের পরিচালক/মালিকদের, মুখের আবরণ বা মাস্কের আবশ্যিকতা না মেনে চলা ব্যক্তিবর্গকে প্রবেশ করতে না দেওয়ার অধিকার প্রদান করে গভর্নর কুওমো, 29 শে মে, 2020 তারিখে নির্বাহী আদেশ 202.34 জারি করেছেন।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 ঠা মে 2020 তারিখে গভর্নর বলেছেন যে নতুন আঞ্চলিক বিশ্লেষণ নতুন COVID-19 সংক্রমণ, সেইসাথে স্বাস্থ্য সেবা ব্যবস্থা, রোগ নির্ণয় করার পরীক্ষা, এবং সংযোগ খুঁজে বের করা সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিককে বিবেচনা করবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 শে মে, 2020 তারিখে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে স্টেটের বিভিন্ন অঞ্চলে রিওপেনিংয়ের দ্বিতীয় পর্যায় শুরু হবে, এবং ভাইরাসটি কিভাবে প্রতিরোধ করা যেতে পারে তা অনবরত পর্যবেক্ষণ করার জন্য নিউ ইয়র্কবাসী, সরকারী কর্মকর্তা এবং বিশেষজ্ঞদের জন্য রাজ্যের বিস্তৃত ডেটা সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করতে একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড বাস্তবায়ন ব্যবহার করার কথাও ঘোষণা করেছেন। 11 ই জুন, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 12 ই জুনের মধ্যে রিওপেনিংয়ের দ্বিতীয় পর্যায় আরম্ভ হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে দায়বদ্ধ বিচে হওয়া কার্যকলাপগুলির জন্য মানদণ্ড

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম মান, তবে সেটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, তা সহ প্রযোজ্য ফেডারেল শর্তাবলী সর্বোপরি ন্যূনতম রাজ্যের মান ব্যতীত কোনো বিচে হওয়া কার্যকলাপ পরিচালিত হতে পারবে না।

COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে কার্যরত সমস্ত বিচে হওয়া কার্যকলাপের ক্ষেত্রে এই নির্দেশিকায় থাকা স্টেটের মানদণ্ডগুলি স্টেট দ্বারা সংশোধিত বা রদ না করা পর্যন্ত প্রযোজ্য থাকবে। বিচ ফেসিলিটির মালিক/পরিচালক, বা মালিক/পরিচালক এর নিয়োজিত অন্য কোনো পক্ষ (উভয় ক্ষেত্রেই, "দায়বদ্ধ পক্ষগণ"), এই মানদণ্ডগুলি পূরণ করার জন্য দায়বদ্ধ থাকবেন।

নিমনলিখিত নির্দেশিকা তিনটি নির্দিষ্ট বিভাগে সংগঠিত করা হয়েছে: মানুষ, স্থান, এবং প্রক্রিয়াসমূহ

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষগণকে বশ্যই নিশ্চিত করতে হবে যে বিচ ফেসিলিটির সর্বাধিক ক্ষমতা স্বাভাবিক সিজিনের ক্ষতার 50% এ কমিয়ে আনতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে এগুলি ব্যবহার করতে উৎসাহিত করা হয়, উপস্থিতির অনুমান, ঐতিহাসিক তথ্য, সক্রিয় নজরদারি, প্রযুক্তি (যেমন সমীক্ষা এবং GIS ওভারলে), সাইটের নিরাপত্তা পরিকল্পনার জন্য সাইট-নির্দিষ্ট ক্ষমতার সীমাগুলি নির্ধারণ করতে প্রকৌশল, যাতে অবশ্যই নিচের বর্ণনা অনুযায়ী একটি জনসমাগম কমাবার ব্যবস্থাকে অন্তর্ভুক্ত করতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে অবলম্বন করা ক্ষমতার সীমাগুলি সামাজিক দূরত্ব পালন করে, ভীড় হওয়া থেকে বিরত রাখে, এবং বড় জনসমাবেশকে সীমিত করে।
    - সক্ষমতা কমাবার লক্ষ্যগুলি পূরণ করতে, দায়বদ্ধ পক্ষগণকে পার্কিংয়ের জায়গায় অনুমোদিত গাড়ির সংখ্যা সীমিত করার কথা বিবেচনা করতে হবে; গাড়িতে থাকা লোকের সংখ্যা নজরে রাখতে হবে; বিচে প্রবেশ করার পয়েন্টগুলি সীমিত করতে হবে; ঢোকার ও বেরোবার আলাদা পথ(পথগুলি) এবং পথচারী এবং যানবাহনের জন্য একমুখী রাস্তা তৈরি করতে হবে; বিচটি ব্যবহার করার জন্য ব্যক্তিবর্গকে একটি অনলাইন বা ফোন সংরক্ষণ ব্যবস্থা ব্যবহার করে একটি টাইম স্লট সংরক্ষণের বন্দোবস্ত করে দিতে হবে; এবং/অথবা খুব বেশি জনাকীর্ণ ফেসিলিটিগুলির জন্য প্রয়োজন অনুযায়ী অপারেশনের সুকৌশলী সময় বা বন্ধ করার নমনীয় মানদণ্ড অবলম্বন করতে হবে। একটি বিচ বা লেকে নির্ধারিত ক্ষমতার বেশি ভিড় হয়ে গেলে, প্রয়োজন হলে, বিমুখ করা গাড়িগুলিকে অন্য পথে নির্দেশিত করতে যানবাহন নিয়ন্ত্রণের জন্য প্রশাসনের সাথে যোগাযোগ করুন।

- অভ্যন্তরীণ অঞ্চলগুলির ক্ষমতা (যেমন পোশাক পরিবর্তনের ঘরগুলি, সরঞ্জামের শেড, লকার রুম, রেস্টরুম) অবশ্যই সার্টিফিকেট অফ অকুপেন্সির দ্বারা একটি নির্দিষ্ট অঞ্চলের স্থিরীকৃত সর্বাধিক অকুপেন্সির 50% বা তার কমে নিয়ে আসতে হবে, যদিনা সেটি একজন একক দখলকারীর জন্য ডিজাইন করা হয় বা অতিরিক্ত ব্যক্তিগত সুরক্ষামূলক ব্যবস্থাগুলি (যেমন সবসময় মুখের আবরণ পরে থাকা) কার্যকর করা হয়।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কর্মচারী এবং সাধারণ মানুষ সহ, ব্যক্তিবর্গের মধ্যে, সবসময়, অন্তত ছয় ফুট দূরত্ব বজায় রাখা হচ্ছে, যদিনা তারা একই পরিবার বা পারিবারিক ইউনিটের সদস্য হন, বা মূল কাজটির জন্য একটি কম দূরত্ব বজায় রাখার প্রয়োজন পড়ে (যেমন ভারি সরঞ্জাম তোলা বা একজন বিচ গমনকারীকে জরুরি সহায়তা প্রদান করা)। যে কোনো সময়, একই পরিবার বা পারিবারিক ইউনিটের সদস্য ছাড়া ব্যক্তিবর্গকে অন্য ব্যক্তির ছয় ফুটের মধ্যে আসতে হলে, অবশ্যই স্বীকৃত মুখের আবরণ পরতে হবে। যদি অন্য কোনো ব্যক্তি অপ্রত্যাশিতভাবে ছয় ফুটের মধ্যে চলে আসলে ব্যক্তিবর্গকে মুখের আবরণ পরে নেওয়ার জন্য সদা প্রস্তুত থাকতে হবে।
    - COVID-19 এর জন্য স্বীকৃত মুখের আবরণের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সেগুলিতেই সীমাবদ্ধ নয়, কাপড়ের তৈরি মুখের আবরণ এবং মুখ এবং নাক উভয় ঢেকে রাখা ডিসপোজেবল মাস্ক।
    - যদিও, কাজের ধরনের জন্য যেখানে সাধারণত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের (PPE) একটি উচ্চ মানের সুরক্ষার প্রয়োজন সেইসব ক্ষেত্রে কর্মক্ষেত্রের কার্যকলাপগুলির জন্য কাপড়ের, ডিজপোজেবেল, বা অন্যান্য বাড়িতে তৈরি মুখের আবরণ স্বীকৃত নয়। সেই কার্যকলাপগুলির জন্য, বিদ্যমান শিল্প মানদণ্ড অনুযায়ী N95 রেস্পিরেটার বা অন্যান্য PPE ব্যবহার করা অব্যাহত রাখা উচিত, যেমন পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) নির্দেশিকা অনুযায়ী যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই একই পরিবারের বা পারিবারিক ইউনিটের সদস্য ছাড়া বিচের ব্ল্যাঙ্কেট ও চেয়ারগুলির মধ্যে দশ ফুট দূরত্ব নিশ্চিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে কর্মস্থল বা অঞ্চলগুলির (যেমন লাইফ গার্ডের চেয়ার এবং টাওয়ার) এবং কর্মচারীর বসার জায়গাগুলির গঠনপ্রণালী এবং ব্যবহার পরিবর্তন করতে হতে পারে, যাতে কর্মীরা সব দিক (যেমন-পাশাপাশি বা

একে অপরের মুখোমুখি) থেকে অন্তত ছয় ফুট দূরে থাকেন এবং ব্যবহারের মধ্যে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে কর্মস্থল শেয়ার না করেন। ওয়ার্কস্টেশনগুলির মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব না হলে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই মুখের আবরণ প্রদান করতে হবে, সেগুলি ব্যবহার করা বাধ্যতামূলক করতে হবে, যেখানে প্লাস্টিকে বিভাজক দেওয়ালের মতো বস্তুগত বাঁধা, বায়ুপ্রবাহ, হিটিং, কুলিং, বা বায়ু চলাচলে বাঁধা সৃষ্টি করবে না সেখানে মুখের আবরণের পরিবর্তে সেগুলির বন্দোবস্ত করতে হবে।

- ব্যবহার করা হলে, বস্তুগত বাঁধা OSHA নির্দেশিকা অনুযায়ী করতে হবে।
- শারীরিক প্রতিবন্ধকতার অন্তর্ভুক্ত হতে পারে: স্ট্রিপ পর্দা, প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপকরণ, বা অন্যান্য জলরোধী বিভাজন বা পার্টিশন।

- দায়বদ্ধ পক্ষগণকে ছোট জায়গাগুলির (যেমন সরঞ্জামের শেড, গাড়ি) ব্যবহার নিষিদ্ধ করতে হবে যাতে একই সময়ে এক একজনের বেশি ব্যক্তি ব্যবহার করতে না পারেন, যদি না সেই সমস্ত জায়গায় সকল ব্যক্তি সেই সময় গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন। যদিও, মুখের আবরণ পরে থাকলেও, সেই জায়গায় বা গাড়িতে সর্বাধিক যতজন থাকতে পারেন তার 50% এর বেশি কখনই থাকতে পারবে না, যদি না সেটি একজনের থাকার মতো করে ডিজাইন করা হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগণকে নিরাপত্তার প্রোটোকলগুলি মেনে চলার পাশাপাশি বাইরের বাতাস যতটা ভিতরে প্রবেশ করানো যায় তার বন্দোবস্ত (যেমন জানলা এবং দরজা খুলে রাখা) করে বায়ু চলাচল বাড়াতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে উভয় দিকে থেকে পায়ে হেঁটে আসা এবং ভিড় কমাতে ব্যবস্থা নিতে হবে এবং যথাযথ সামাজিক দূরত্বে বজায় রাখার বন্দোবস্ত করতে হবে। এই ব্যবস্থাগুলির মধ্যে অন্তর্ভুক্ত করা যেতে পারে কিন্তু সেগুলিতেই সীমাবদ্ধ নয়:
  - পায়ে হেঁটে চলার চওড়া রাস্তা এবং পাথগুলি বরাবর পথচারীর সংখ্যা, জায়গা এবং যাতায়াত উন্নত করতে বাইকের রুট এবং চলাচলের রাস্তাগুলি অন্যত্র নিয়ে যাওয়া;
  - বিকল্প জায়গাগুলিতে পার্কিং সীমিত করা;
  - টিকিট, তথ্য, এবং বিচ বুথ এবং সার্ভিস উন্ডোগুলিতে বস্তুগত বাঁধা ইনস্টল করা;
  - সাধারণ মানুষের সাথে সংযোগ করা কর্মচারীদের সংখ্যা সীমিত করা;
  - সমুদ্রের দিকে মুখ করা বিচের বালুকাবেলায়/লেকের উপকূলে, সেইসাথে সাধারণত যেখানে লাইন পড়ে (ক্লক-ইন/আউট স্টেশনগুলি, স্বাস্থ্য পরীক্ষা শিবির, রেস্টরুমের লাইন, টিকিটের লাইন) সেখানে যথাযথ ছয়-ফুট ব্যবধান চিহ্নিত বা পতাকাঙ্কিত করা;
  - ব্যক্তিবর্গ যেখানে ব্ল্যাঙ্কেট/চেয়ার পাতেন/বিছান সেই সমত সঙ্কুল জুড়ে যথাযথ 10 ফুট ব্যবধান চিহ্নিত করতে পতাকা, দড়ি, বা অন্যান্য মার্কার ব্যবহার করা;
  - উপস্থিতি/জনসমাগম নিয়ন্ত্রণ করতে প্রবেশদ্বারা/গেটগুলি পরিমার্জিত করা;
  - চেয়ারে লাইফগার্ডদের সংখ্যা সীমিত করা এবং চেয়ারের অবস্থানগুলি যোগ বা অ্যাডজাস্ট করা; এবং/অথবা
  - ভিড় চওড়া রাস্তা, পাথ এবং বিচের অঞ্চলগুলিতে ভিড় সীমিত করা।

- বিচগমনকারীদের জমায়েত এড়াতে বিচ এবং লেকের উপকূলের ফেসিলিটিগুলির মধ্যে বা প্রেমিসেসের অন্য কোথাও কার্যরত ছাড় দেওয়ার কাউন্টারগুলি অবশ্যই বন্ধ রাখতে হবে।

- বিচের সরঞ্জাম (যেমন চেয়ার, ছাতা) ব্যবহার করা যেতে পারে, কিন্তু সেই সরঞ্জামগুলি পরিবারের বা পারিবারিক ইউনিটের নিকট আত্মীয়ের বাইরে অন্য কোনো ব্যক্তির সাথে শেয়ার করা যাবে না যদি না দুজনের ব্যবহারের মাঝে সেটি পরিষ্কার ও জীবাণুমুক্ত না করা হয়।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে রেস্টরুমগুলি খোলা আছে এবং ঘনঘন পরিষ্কার ও জীবাণুমুক্তকরণের বন্দোবস্ত করা হয়েছে এবং প্যাভিলিয়ন, খেলার মাঠ, সুইমিং পুল (পরবর্তী নির্দেশিকা সাপেক্ষ) এবং ভিতরের স্নানঘরগুলিকে বন্ধ আছে। পানীয় জলের উৎসগুলি কর্মরত থাকবে, যদি চালু করার একটি স্পর্শহীন ব্যবস্থা বা ফুট প্যাডেল ইনস্টল করা হয়।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই স্বাস্থ্য দপ্তরের (DOH) COVID-19 সাইনেজের সাথে সংগতি রেখে সমগ্র পার্কিংয়ের অঞ্চল, টিকিট কাটার কাউন্টার, প্রবেশদ্বার, এবং ভিড় হওয়া ফেসিলিটিগুলি জুড়ে চিহ্নগুলি টাঙাতে হবে। দায়বদ্ধ পক্ষগণ তাদের কর্মক্ষেত্র বা সেটিং-এর উপর ভিত্তি করে নিজেদের কাস্টমাইজড চিহ্ন তৈরি করতে পারেন, এই ধরনের চিহ্ন স্বাস্থ্য দপ্তরের চিহ্নের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। সাইনেজ আগত ব্যক্তি এবং কর্মচারীদের যেগুলি মনে করিয়ে দেওয়ার জন্য ব্যবহার করতে হবে:
    - পরস্পরের থেকে ছয় ফুট দূরত্ব বজায় রাখা না গেলে নিজেদের নাক এবং মুখ ঢেকে রাখতে হবে।
    - PPE সঠিকভাবে রাখা এবং যখন প্রয়োজন, তা বাতিল করতে হবে।
    - শারীরিক দূরত্বের নির্দেশীকাগুলি মেনে চলা।
    - COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
    - হাতের স্বাস্থ্যবিধি এবং পরিষ্কার ও জীবাণুমুক্তকরণ নির্দেশিকাগুলি মেনে চলা।
    - শ্বাস প্রশ্বাস সংক্রান্ত যথাযথ স্বাস্থ্যবিধি এবং কাশবার শিষ্টাচার মেনে চলা।

- একই বাড়ির বা পারিবারের সদস্য নয় এমন লোকজনের মধ্যে পারস্পরিক সংস্পর্শ, জনসমাবেশ কমাতে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই একটি সাইটের নিরাপত্তা পরিকল্পনা তৈরি করতে হবে, যা এই নির্দেশিকা এবং প্রযোজ্য সকল রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ কেন্দ্রগুলি (Centers for Disease Control and Prevention, CDC) এবং স্বাস্থ্য দপ্তরের (DOH) COVID-19 নির্দেশিকা অবলম্বন করে জনাধিক্য কমানোর একটি ব্যবস্থাকে অন্তর্ভুক্ত করবে। পরিকল্পনাটি অবশ্যই অন্তর্ভুক্ত করবে:
    - সাইট অনুযায়ী যথাযথ শারীরিক দূরত্ব এবং পরিষ্কার ও জীবাণুমুক্ত করার মানদণ্ড, সেইসাথে এই নির্দেশিকার সাথে সংগতিপূর্ণ সর্বোত্তম চর্চা।
    - সামাজিক দূরত্ব এবং যথাযথ স্বাস্থ্যবিধি বাস্তবায়িত করতে উপযুক্ত কর্মী নিয়োগের নির্দেশিকা, সেইসাথে ভিড় না হতে দেওয়া, সমবেত কার্যকলাপ (যেমন বিচ ভলিবল, ফুটবল), এবং বেশি জনসমাগম না হতে দেওয়া।
    - জনসমাবেশ সীমিত করা, সামাজিক দূরত্ব, এবং জীবাণুমুক্তকরণের প্রোটোকলগুলি কার্যকর করতে সাইনেজ, সোশ্যাল মিডিয়া, এবং স্টেট বা স্থানীয় ওয়েবসাইট, রেডিও, ইলেকট্রনিক অ্যাপ্লিকেশন, এবং ব্যানার-প্লেন বিজ্ঞাপনের মতো অন্যান্য উপায় সহ জনসাধারণকে জানানোর প্রচারাভিযান।
- ফেসিলিটির ব্যবহার সংক্রান্ত যে কোনো অনুমতিপত্রে এবং চুক্তিতে উল্লিখিত বিচ বা ফেসিলিটির নিয়মাবলীতে ব্যবহারকারীর দ্বারা সাইটের নিরাপত্তা পরিকল্পনা এবং এই নির্দেশিকার স্বীকৃতি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

B. জমায়েত

- একটি জরুরি পরিস্থিতি ছাড়া, গোষ্ঠীবদ্ধ জমায়েত এড়াতে, একজায়গায় ভিড় জমানো, বিচিং, বা একাধিক জলযানগুলিকে (যেমন ক্যানোই, কায়াক, রোবোট, টিউব) ব্যবহারের সময় একসাথে বাঁধা নিষিদ্ধ। জলযানগুলি, কোনো ব্যক্তি ব্যবহার না করা অবস্থায়, স্টোরেজের জন্য সেগুলি বিচে রাখা/বা একসাথে বাঁধা যেতে পারে।

- বিনোদনমূলক পার্ক এবং সেই ধরনের আকর্ষণীয় জায়গাগুলি, সেইসাথে বিচে, ব্রডওয়াকে, লেকে, এবং লেকের উপকূলে থাকা আর্কেড এবং অন্যান্য সর্বজনীন বিনোদন কেন্দ্রগুলি পরবর্তী বিজ্ঞপ্তি না দেওয়া পর্যন্ত বন্ধ রাখতে হবে।

- ছাড় বা রেস্টুরেন্টের ভেন্ডরদের মাধ্যমে কোনো খাদ্য বা পানীয় বিক্রয় করা যাবে না এবং বিচের সরঞ্জাম (যেমন চেয়ার, লাউঞ্জ) ভাড়া দেওয়া যাবে না।

- দায়বদ্ধ পক্ষগণ কোনো অবস্থাতেই "পিক-আপ" স্পোর্টস, লীগ এবং সংযোগমূলক কার্যকলাপ, বা বিশেষ অনুষ্ঠান, উৎসব, জলসা, আতসবাজি প্রদর্শনী, বা চলচিত্রের আয়োজন করার অনুমতি দিতে পারবেন না।

- বেঞ্চ, পিকনিক টেবিল, এবং নির্দিষ্ট সমবেত বসার আসনের অঞ্চলগুলি যথাযথ সাইনেজ, টেপ, বা দড়ি দিয়ে বন্ধ রাখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সশরীরে সমবেত হওয়া সীমিত করতে হবে (যেমন কর্মীদের মিটিং) সব চেয়ে বেশী যতটা সম্ভব এবং অন্যান্য পদ্ধতি যেমন ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো পদ্ধতি ব্যবহার করা, CDC-র নির্দেশিকা অনুযায়ী "ব্যবসা ও নিয়োগকারীদের জন্য অন্তর্বর্তী নির্দেশিকা করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর বিরুদ্ধে পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার জন্য" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019)। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব হয় না, তখন দায়িত্বশীল দলগুলোর খোলা, ভালভাবে ভেন্টিলেটারের মধ্যে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তি এক আরেকজনের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখবে (যেমন চেয়ার থাকলে, চেয়ারের মধ্যবর্তী জায়গা ছেড়ে দেওয়া, কর্মীদের পর্যায়ক্রমে চেয়ারে বসতে হবে)।

- দায়বদ্ধ পক্ষগণকে ছোটো এলাকাগুলিতে, যেমন রেস্টরুম এবং ব্রেকরুমে যথাযথ সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের অঞ্চলগুলিতে যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য চিহ্ন এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে বলে চিহ্নিতকরণ) ব্যবহার করতে হবে; এবং

- সামাজিক দূরত্ব (অর্থাৎ ছয় ফুট দূরত্ব) পালন করার জন্য, যে কোনো সমবেতের জন্য (কফি ব্রেক, খাওয়ার সময়, এবং শিফট শুরু এবং বন্ধের সময়), দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীদের সময়সূচি আগুপিছু করে দিতে হবে।

C. কর্মক্ষেত্রের সক্রিয়তা

- লাইফগার্ড এবং অন্যান্য জল সংক্রান্ত নিরাপত্তা কর্মীরা যেন COVID-19 সম্পর্কিত স্বাস্থ্য বিভাগ (DOH) এর মানদণ্ড এবং নির্দেশিকা মেনে চলেন তা দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে।
  - লাইফগার্ড এবং জল সংক্রান্ত নিরাপত্তা কর্মীদের জল থেকে উদ্ধার করা বা অন্যান্য জীবনরক্ষা বা জরুরি প্রতিক্রিয়ার কার্যকলাপগুলি ছাড়া, টহল দেওয়ার সময় এবং সহকর্মী এবং সাধারণ মানুষের সাথে ছয় ফুটের দূরত্ব বজায় না রেখে বাক্যালাপ করার সময় অবশ্যই একটি মুখের আবরণ পরতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে লাইফগার্ড ট্রেনিং এবং বিচ পরিচালনার ব্যবস্থাগুলি কার্যকর করতে হবে, যা প্রয়োজন হলে লাইফগার্ড টাওয়ারের সংখ্যা বাড়িয়ে একটি নির্দিষ্ট সময়ে কোনো স্ট্যান্ড বা টাওয়ারে লাইফগার্ডের সংখ্যা সীমিত করা, সাধারণ মানুষের নিরাপত্তা সুনিশ্চিত করতে একই কভারেজ এবং সুরক্ষা প্রদান করে লাইফগার্ডদের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখাকে অন্তর্ভুক্ত করতে পারে। বিচের সামাজিক দূরত্ব এবং ভীড় নিয়ন্ত্রণ করতে লাইফগার্ডদের অবশ্যই প্রশিক্ষিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে পারস্পরিক সংযোগ এবং জনসমাগম হ্রাস করতে নিম্নলিখিত ধরনের পদ্ধতিগুলির মাধ্যমে অবশ্যই ব্যবস্থা নিতে হবে:
  - কর্মক্ষেত্রের ভিতরে উপস্থিতি শুধুমাত্র আবশ্যক কর্মীদের মধ্যেই সীমিত রেখে;
  - বিচ বা পার্কের সময়গুলির সামঞ্জস্যবিধান করা;
  - সামাজিক দূরত্বের নির্দেশিকা পালনের জন্য অন-সাইট কর্মচারীর সংখ্যা হ্রাস করা;

- A/B টিম তৈরি করা, আসার/যাওয়ার সময় আগুপিছু করে দেওয়া; এবং/অথবা
- নির্ধারিত কাজগুলো বিক্ষিপ্ত করে এবং অধিকৃত অঞ্চলগুলি নির্দেশ করতে চিহ্নগুলি ব্যবহার করে একই অঞ্চলে একাধিক কর্মচারী এবং/অথবা দলের কাজ করা এড়ানো।

D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষগণকে সাইটের মধ্যে পারস্পরিক সংযোগ সীমিত করতে হবে (যেমন ব্যক্তিবর্গের প্রবেশ/বাহিরের জন্য যতটা সম্ভব, একটি আলাদা প্রবেশপথ(গুলি)/বাহিরপথ(গুলি) বা রাস্তা নির্দিষ্ট করে দেওয়া)।

- দায়বদ্ধ পক্ষগণকে, যেখানে সম্ভব, স্পর্শহীন পেমেন্ট পদ্ধতিগুলি কার্যকর করার কথা বিবেচনা করতে হবে; সম্ভব না হলে, প্রতিটি লেনদেনের পরে হাতের স্বাস্থ্যবিধি পালনের সামগ্রীগুলি উপলব্ধ রাখতে হবে।

- যদিও বিচগুলি খোলা, আগত ব্যক্তিদের অবশ্যই নির্দেশিকাগুলি মেনে চলতে হবে।

  - প্রস্তুত থাকুন। আপনার পরিবার বা পারিবারিক ইউনিটের বাইরের কেউ ছয় ফুটের মধ্যে চলে এলে পরার জন্য একটি স্বীকৃত মুখের আবরণ এবং প্রয়োজন হলে ব্যবহারের জন্য সাবান/স্যানিটাইজার নিয়ে আসুন। জল এবং রোদ থেকে বাঁচার যথাযথ সরঞ্জাম নিয়ে আসুন। সমস্ত আবর্জনা প্যাক করে নিন বা ঠিকমতো ফেলুন।

  - ছয় ফুট বা তার বেশি একটি সামাজিক দূরত্ব বজায় রাখুন এবং আপনার পরিবার বা পারিবারিক ইউনিটের বাইরের লোকজনের সাথে সমবেত হওয়া এড়িয়ে চলুন। বড় জনসমাগম, পিকনিক, এবং বিচ পার্টিগুলো অনুমোদিত নয়। আবশ্যিক শারীরিক দূরত্ব বজায় রাখতে বিচে বা রাস্তাগুলোতে বেশি ভিড় হয়ে গেলে আগত ব্যক্তিদের চলে যেতে বলা হবে।

  - স্বতন্ত্র বা পারিবারিক বিচ কার্যকলাপগুলি (যেমন সার্ফিং, সাঁতার কাটা, কায়াকিং, প্যাডেল বোর্ডিং, বডি সার্ফিং), বালিতে দৌড়ানো, বা হাঁটা অনুমোদিত।

II. জায়গা

A. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- নির্দিষ্ট কর্মক্ষেত্রের ক্রিয়াকলাপের জন্য প্রয়োজনীয় PPE ছাড়াও, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই গ্রহণযোগ্য মুখের আবরণ সংগ্রহ করতে, তৈরি করতে বা অন্যথায় অর্জন করতে হবে এবং এই ধরনের আবরণ কর্মক্ষেত্রে থাকাকালীন কর্মচারীদের বিনা মূল্যে প্রদান করা উচিত। কোনো কর্মচারীর মুখের আবরণ বদলাবার প্রয়োজন হলে তা প্রদান করার জন্য দায়বদ্ধ পক্ষগুলির কাছে পর্যাপ্ত মাস্ক এবং অন্যান্য PPE-এর যোগান থাকতে হবে। স্বীকৃত মুখের আবরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত, কিন্তু সেগুলির মধ্যে সীমাবদ্ধ নয়, কাপড় (উদা: বাড়িতে তৈরি সেলাই করা কাপড়, ছোটো করে কাটা, বন্দনা), সার্জিক্যাল মাস্ক, N95 রেসপাইরেটর এবং ফেস সিল্ড।

- মুখের আবরণগুলি অবশ্যই পরিষ্কার করতে এবং বদলাতে হবে এবং শেয়ার করা যাবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য এবং সেইসাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।
  - নোট করবেন যে কাপড়ের তৈরি ফেস কভারিং বা ডিজপোজেবল মাস্কগুলি মুখের আবরণের জন্য উচ্চ পর্যায়ের নিরাপত্তা লাগু করা কর্মক্ষেত্রের কার্যকলাপগুলির জন্য স্বীকৃত মুখের আবরণ হিসেবে বিবেচিত হবে না। উদাহরণস্বরূপ, N95 রেস্পিরেটরগুলি সাধারণভাবে নির্দিষ্ট কার্যকলাপগুলির জন্য প্রয়োজন, কোনো কাপড় বা

বাড়িতে তৈরি মাস্ক তার পরিবর্ত হিসেবে ব্যবহার করা যাবে না। দায়বদ্ধ পক্ষগুলিকে এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই তাদের কর্মচারীদের নিজস্ব স্বীকৃত মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু তাদের কর্মচারীরা তাদের নিজের মুখের আবরণ সরবরাহ করতে পারবেন না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মীদের তাদের ব্যক্তিগত মালিকানাধীন অতিরিক্ত প্রতিরক্ষামূলক আবরণ (যেমন সার্জিকাল মাস্ক, N95 রেস্পিরেটর, বা ফেস শিল্ড) পরা থেকে প্রতিরোধ করবে না, অথবা অন্যথায় যদি দায়বদ্ধ পক্ষ অনুযায়ী তাদের কাজের প্রকৃতির কারণে কর্মীদের আরো বেশি নিরাপত্তামূলক ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহারের প্রয়োজন হয়। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে সরঞ্জাম, চেয়ার, এবং গাড়ির মতো জিনিসগুলি শেয়ার করা, সেইসাথে দরজার হ্যান্ডেল এবং রেলিংয়ের মতো শেয়ার করা পৃষ্ঠতলগুলি স্পর্শ করা সীমিত করতে হবে; অথবা, শেয়ার করা জিনিসগুলির বা প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলগুলির সংস্পর্শে আসার সময় ব্যক্তিবর্গকে গ্লাভস (কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী বা মেডিকেল) পরা বাধ্যতামূলক করতে হবে; অথবা নিজেদের হাত, সংস্পর্শে আসার আগে এবং পরে জীবাণুমুক্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে প্রত্যেক লাইফগার্ডকে, একটি মাস্ক, গ্লাভস, হ্যান্ড স্যানিটাইজার, CPR মাস্ক, নিরাপত্তা চশমা, জল থেকে টেনে নিয়ে আসা সৈকত যাত্রীদের জন্য একটি সার্জিক্যাল মাস্ক-সহ PPE এর একটি প্যাক প্রদান করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই PPE কীভাবে ঠিকঠাক খোলা, পরা, পরিষ্কার করা (প্রয়োগযোগ্যতা অনুযায়ী) যায় সে বিষয়ে কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে, এর মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, যথাযথ মুখের আবরণ।

B. স্বাস্থ্যবিধি, পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19), এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার সমেত CDC এবং DOH এর প্রস্তাবিত স্বাস্থ্যবিধি এবং স্যানিটেশনের আবশ্যিক শর্তগুলি মেনে চলা হচ্ছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই লগ মেনটেন করতে হবে যাতে পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণের তারিখ, সময় এবং পরিচ্ছন্নতার পরিসর অন্তর্ভুক্ত থাকবে।

- দায়বদ্ধ পক্ষদের সাইটে হাত ধোওয়ার জায়গা দিতে হবে এবং তা দেখাশোনা করতে হবে, নিম্নরূপে:
  - হাত ধোওয়ার জন্য: সাবান, গরম জলের কল, এবং ফেলা দেওয়া যায় এরকম কাগজের তোওয়ালে, সেই সুবিধাগুলি যতটা দেওয়া সম্ভব।
  - স্যানিটাইজারের জন্য: যেখানে হাত ধোওয়ার সুবিধা উপলব্ধ নাও হতে পারে বা সম্ভন নয় সেই জায়গাগুলির জন্য অন্তত 60% অ্যালকোহল যুক্ত একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার।
- দায়বদ্ধ পক্ষগণকে হ্যান্ড স্যানিটাইজারের জায়গাগুলির কাছে লক্ষণীয়ভাবে ময়লা হাত সাবান এবং জল দিয়ে ধুতে হবে চিহ্নিত করে সিগনেজ দিতে হবে; হ্যান্ড স্যানিটাইজার লক্ষণীয়ভাবে ময়লা হাতে কার্যকর হয় না।

- দায়বদ্ধ পক্ষগণকে PPE সহ ময়লা সামগ্রী নিষ্পত্তির পাত্র ফেসিলিটির চারপাশে স্থাপন করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই শেয়ার করা এবং ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতলের জন্য যথাযথ পরিষ্কার করার এবং জীবাণুমুক্তকরণের সরঞ্জাম প্রদান করতে হবে এবং তাদের কর্মীদের সেই পৃষ্ঠতল ব্যবহারের আগে এবং পরে

প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করে এই সরঞ্জাম ব্যবহার করতে উৎসাহিত করতে হবে, এবং তারপর হাতের পরিচ্ছন্নতার স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে পোশাক পরিবর্তনের ঘর, রেস্টরুম, লকার রুম, এবং বাইরের স্নানের জায়গা, এবং প্রায়শই স্পর্শ করা সারফেসগুলি সহ বহু ব্যক্তির ব্যবহার করা উচ্চ ঝুঁকিপূর্ণ অঞ্চলগুলি অবশ্যই ঘনঘন পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে। পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ কঠোর এবং চলমান হতে হবে এবং দিনে অন্তত তিন বার, দৈনিক, এবং প্রয়োজন হলে আরো ঘনঘন হতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।
    - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই পোশাক পরিবর্তনের ঘর, লকার রুম, বাইরের স্নান করা জায়গা, এবং রেস্টরুমগুলিতে, যেখানে সম্ভব সেখানে জনাধিক্য কমিয়ে দূরত্ব বজায় রাখার নিয়মাবলী মেনে চলা সুনিশ্চিত করতে হবে।
    - রেস্টরুম ফেসিলিটিগুলিতে দায়বদ্ধ পক্ষগণকে স্পর্শহীন হ্যান্ড ড্রায়ার এবং/অথবা কাগজের তোয়ালে ডিসপেন্সার ইনস্টল করার কথা বিবেচনা করতে হবে।
    - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সরঞ্জাম (যেমন বিচের চেয়ার এবং ছাতা, ক্যানোয়ি, কায়াক, রোওবোট) এবং যন্ত্রাংশগুলি নিয়মিতভাবে তালিকাভুক্ত জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে, অন্তত সেগুলি কর্মীদের দ্বারা যতবার ব্যবহার করা হবে। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা ব্যবহার করুন। ফেসিলিটি-নির্দিষ্ট নিরাপত্তার পরিকল্পনাতে অবশ্যই সমস্ত ফেসিলিটি জুড়ে কার্যকর পরিষ্করণ, জীবাণুমুক্তকরণ, এবং বায়ু চলাচলের উত্তম বন্দোবস্তের প্রোটোকলগুলি অন্তর্ভুক্ত করতে হবে।
    - যদি পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ সামগ্রীগুলি বা পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণের কাজটি নিরাপত্তার ঝুঁকির কারণ হয় বা উপকরণ বা মেশিনারির মান নিম্ন করে দেয়, তাহলে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সেই ধরনের মেশিনারিগুলি ব্যবহারের মধ্যে হাতের স্বাস্থ্যবিধি পালনের বন্দোবস্ত করতে হবে এবং/অথবা ডিজপোজেবেল গ্লাভস সরবরাহ করতে হবে এবং/অথবা ওই মেশিনারি ব্যবহার করা কর্মচারীর সংখ্যা সীমিত করতে হবে।
    - দায়বদ্ধ পক্ষকে একজন কর্মীর COVID-19 শনাক্ত হওয়ার ক্ষেত্রে উন্মুক্ত এলাকার পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এই ধরনের পরিচ্ছন্নতার অন্তর্ভুক্ত হবে, অন্তত সব অধিক লোক চলাচল এলাকা এবং উচ্চ-স্পর্শ পৃষ্ঠতলের (যেমন লাইফগার্ড স্ট্যান্ড বা টাওয়ার, গেট, টিকিট বা বিক্রয়ের বুথ, স্নানের পেডেস্টাল, কাউন্টারের উপরিতল, সিঙ্ক, দরজার কড়া, ওয়াকি টকি, হ্যান্ডরেল, দরজার হাতল) ইত্যাদি পরিষ্কার।

- যদি কারোর COVID-19 সংক্রমণের সন্দেহ অথবা নিশ্চয়তা থাকে, তাহলে, "আপনার প্রতিষ্ঠানকে পরিষ্কার এবং তার জীবাণুমুক্তকরণ (Cleaning and Disinfecting Your Facility)" সম্পর্কিত CDC-এর নির্দেশিকাগুলি হল:
    - অসুস্থ হওয়া ব্যক্তির ব্যবহার করা অঞ্চলগুলি বন্ধ করে দিন।
        - দায়বদ্ধ পক্ষগণ সংক্রমিত অঞ্চলগুলিকে বন্ধ করে দিতে পারলে, তাদের কার্যকলাপ যে বন্ধ করে দিতে হবে তা নয়।
    - এলাকায় বিমান বাতাস বাড়ানোর জন্য বাইরের দরজা ও জানালা খুলুন।
    - পরিষ্কার ও জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। 24 ঘন্টা সম্ভব না হলে, যতক্ষণ সম্ভব ততক্ষণ অপেক্ষা করুন।
    - কোনো ব্যক্তি অসুস্থ হলে সেই ব্যক্তির ব্যবহার করা অঞ্চলগুলি, যেমন অফিস, বাথরুম, সকলের ব্যবহারের অঞ্চলগুলির মতো সুস্ত অঞ্চল এবং শেয়ার করা যন্ত্রপাতিগুলি পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন।

- ○ একবার অঞ্চলটি যথাযথভাবে জীবাণুমুক্ত করা হয়ে গেলে, সেটি ব্যবহারের জন্য আবার খুলে দেওয়া যেতে পারে।
    - ▪ অসুস্থ ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসেননি এমন কর্মচারীরা জীবাণুমুক্ত করার পরে অবিলম্বে কাজের জায়গায় ফিরে আসতে পারবেন।
    - ▪ "ঘনিষ্ঠ বা কাছাকাছি" সংযোগ সম্পর্কে তথ্যের জন্য DOH এর "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
- ○ সেই ব্যক্তির নির্দিষ্ট স্থানটিতে আসার অথবা ব্যবহার করার পরে সাত দিনের বেশি সময় অতিবাহিত হয়ে গেলে, অতিরিক্ত পরিষ্কার করে জীবাণুমুক্ত করার প্রয়োজন নেই, তবে নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার কাজটি চালু রাখতে হবে।

- প্রাথমিক চিকিৎসার ঘর বা ফেসিলিটিগুলিতে সবসময় প্রয়োজনীয় সমস্ত সামগ্রী রাখতে হবে, এবং স্বাস্থ্য দপ্তরের স্টেট জীবাণুমুক্তকরণ আইনের (DOH State Sanitary Code) আবশ্যিকতা সমূহ এবং COVID-19 নির্দেশিকা অনুযায়ী পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীদের মধ্যে খাবার এবং পানীয় (যেমন, বাফেট স্টাইলের খাবার) ভাগ করে খাওয়া অবশ্যই নিষিদ্ধ করতে হবে, কর্মচারীদের বাড়ি থেকে লাঞ্চ নিয়ে আসতে উৎসাহিত করতে হবে, এবং যেখানে, সম্ভব, খাবার খাওয়ার সময় সামাজিক দূরত্ব বজায় রাখার মতো পর্যাপ্ত জায়গা রাখতে হবে।

C. পর্যায়ক্রমিকভাবে পুনরায় শুরু করা

- দায়বদ্ধ পক্ষগণকে পর্যায়ক্রমিক-ভাবে কার্যকলাপগুলি রিওপেনিংয়ের জন্য উৎসাহিত করা হয় যাতে অপারেশনগত সমস্যাগুলি কাজ সম্পর্কিত ক্রিয়াকলাপগুলি স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে সমাধান করে নেওয়া যায়। দায়বদ্ধ পক্ষদের প্রথমবার পুনরায় খোলার সময় পরিবর্তনের সঙ্গে মানিয়ে নিয়ে কার্যকলাপগুলি উপলব্ধ করে তোলার জন্য কর্মী সংখ্যা, কাজের সময় এবং আগত ব্যক্তির সংখ্যা সীমিত করার কথা বিবেচনা করতে হবে।

D. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে যে আপনি স্টেটের-ইস্যু করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন, এবং এটিও নিশ্চিত করতে হবে যে আপনি সেগুলি কার্যকর করবেন।

- দায়বদ্ধ পক্ষগণকে, কর্মী এবং আগত ব্যক্তিবর্গের জন্য একটি যোগাযোগের পরিকল্পনা তৈরি করতে হবে যার মধ্যে প্রযোজ্য নির্দেশাবলী, প্রশিক্ষণ, সাইনেজ এবং কর্মীদের তথ্য প্রদানের জন্য ধারাবাহিক ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত থাকবে। দায়বদ্ধ পক্ষগণকে ওয়েবপেজ, টেক্সট এবং ইমেল গ্রুপ, এবং সোশ্যাল মিডিয়া গড়ে তোলার কথা বিবেচনা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে সাইনেজ, সোশ্যাল মিডিয়া, ওয়েবসাইট বা রেডিওর মতো উপায়গুলির মাধ্যমে নিরাপত্তা এবং জনাধিক্য কমাবার পরিকল্পনার জন্য জনসাধারণকে জানানোর একটি প্রচারাভিযান অবশ্যই গড়ে তুলতে হবে।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং পরীক্ষা

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই বাধ্যতামূলক প্রাত্যহিক স্বাস্থ্য পরীক্ষার চর্চাগুলি কার্যকর করতে হবে।
    - কর্মচারীরা সাইটে রিপোর্ট করার আগে, যতটা সম্ভব, স্ক্রিনিংয়ের কাজগুলি দূরবর্তীভাবে করা যেতে পারে (যেমন টেলিফোনে বা ইলেকট্রনিকভাবে), বা সাইটে করা যেতে পারে।
    - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে কর্মচারীদের একে অপরের সাথে ঘনিষ্ঠ হওয়া বা কাছাকাছি আসা আটকাতে স্ক্রীনিং সমশ্রেণীভুক্ত করতে হবে।
    - অন্তত সব কর্মীদের স্ক্রিনিং আবশ্যিক করতে হবে এবং একটি প্রশ্নাবলী ব্যবহার করতে হবে যা নির্ধারণ করে যে কর্মীর সাথে নিম্নোক্ত ঘটনা ঘটেছে কি না:

        (a) জেনেশুনে গত 14 দিনের মধ্যে COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল এসেছে বা যার মধ্যে COVID-19 এর উপসর্গ রয়েছে এমন কারোর ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন;

        (b) গত 14 দিনের মধ্যে COVID-19 এর জন্য ইতিবাচক পরীক্ষিত হয়েছেন; এবং/অথবা

        (c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না।

- COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি সম্পর্কে সবথেকে আপ টু ডেট তথ্যের জন্য "করোনাভাইরাসের উপসর্গসমূহ" (Symptoms of Coronavirus) এর ওপর CDC এর নির্দেশিকা দেখুন।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত কর্মীদের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, কাজের সময় বা তার পরে।

- প্রতিটি মার্কিন নাগরিকের সমান কর্মসংস্থানের সুযোগ কমিশন (U.S. Equal Employment Opportunity Commission) বা ডিওএইচ (DOH) এর নীতিমালা অনুযায়ী দৈনিক তাপমাত্রা পরীক্ষা করাও হতে পারে। দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীর স্বাস্থ্য সংক্রান্ত ডেটার (যেমন তাপমাত্রার ডেটা) রেকর্ড রাখার ওপর নিষেধাজ্ঞা রাখা হয়েছে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে যে তাপমাত্রা পরীক্ষণ সহ অন্যান্য স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করা কোনো কর্মী, সাইটে প্রবেশ করা সম্ভাব্য সংক্রামিত কর্মচারী দ্বারা সংক্রমণ থেকে যথাযথ ভাবে সুরক্ষিত। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত কর্মকর্তা-চিহ্নিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি ফেস মাস্ক সহ PPE প্রদান করতে হবে এবং তাদের তা ব্যবহার করতে হবে, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- COVID-19 পজিটিভ হওয়া একজন কর্মচারীকে কর্মস্থলে ঢুকতে দেওয়া যাবে না এবং মূল্যায়ন ও পরীক্ষা করার জন্য তাকে তার স্বাস্থ্যসেবা প্রদানকারির সাথে যোগাযোগের নির্দেশ দিয়ে বাসায় পাঠিয়ে দিতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে কেসটি সম্বন্ধে জানাতে হবে, যদি COVID-19 এর পরীক্ষার ফল পজিটিভ হয়। দায়বদ্ধ পক্ষগণকে, কর্মচারীটিকে স্বাস্থ্যসেবা ও টেস্টিং রিসোর্সের তথ্য সরবরাহ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে, যে সমস্ত কর্মচারী একটি সন্দেহজনক বা নিশ্চিত COVID-19 কেসের পরে বা যে কর্মচারী COVID-19 এর সংক্রমিত একজন ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসার পরে কাজে আবার যোগদান করতে চাইছেন তাদের সম্পর্কে প্রোটোকল এবং নীতিমালার জন্য "DOH এর COVID-19 সংক্রমণ বা সান্নিধ্যে আসার পরে সরকারি এবং বেসরকারি কর্মচারীদের কাজে ফিরে আসা সম্পর্কিত অভ্যন্তরীণ নির্দেশিকা" (Interim

Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখতে হবে।

- দায়বদ্ধ পক্ষদের যোগাযোগের একটি কেন্দ্রীয় বিন্দু নির্ধারণ করতে হবে যেটির কার্যকলাপ, স্থান, সিফ্ট বা দিন ভেদে পার্থক্য হতে পারে, যেটি সমস্ত কর্মীর প্রশ্নাবলী পর্যালোচনার জন্য গ্রহণ এবং প্রত্যয়ন করতে দায়বদ্ধ থাকে, প্রশ্নাবলীতে উল্লেখ অনুযায়ী কর্মী এবং সাক্ষাৎকারীদের মধ্যে পরবর্তীতে COVID-19 সম্পর্কিত উপসর্গ দেখা দিলে এই ধরণের যোগাযোগের মাধ্যমেই তারা পার্টি হিসাবে তা চিহ্নিত করে।

- দায়বদ্ধ পক্ষদের সুরক্ষার নিরীক্ষণকারী করার জন্য একটি স্থান নির্ধারণ করতে হবে যার দায়িত্বের মধ্যে স্থানটির নিরাপত্তা পরিকল্পনার সমস্ত দিক ক্রমাগত মেনে চলা হচ্ছে কিনা অন্তর্ভুক্ত থাকে।

- যে সমস্ত কর্মী কাজের জায়গায় অন্য ব্যক্তিবর্গের সংস্পর্শে বা কাছাকাছি এসে থাকতে পারেন, দায়বদ্ধ পক্ষগণকে। যতটা সম্ভব, এমন প্রত্যেক কর্মীর একটি লগ রাখতে হবে; সেই সকল ডেলিভারি বাদে যা উপযুক্ত PPE ব্যবহার করে বা স্পর্শবিহীন উপায়ে সম্পন্ন হয়েছে। লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, একজন কর্মী COVID-19 এ আক্রান্ত হলে যাতে সব পরিচিতি শনাক্ত করা যেতে পারে, খুঁজে পাওয়া যায় এবং তাকে জানানো যায়। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সংস্পর্শ খুঁজে বের করার উদ্যোগগুলির সাথে সহযোগিতা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণ, আগত ব্যক্তিবর্গের জন্য একটি স্বাস্থ্য পরীক্ষা সম্পূর্ণ করা অথবা যোগাযোগের তথ্য দেওয়া বাধ্যতামূলক করতে পারেন না, তবে আগত ব্যক্তিবর্গকে সেটি করার জন্য উৎসাহিত করতে পারেন। দায়বদ্ধ পক্ষ যোগাযোগের তথ্য প্রদানের জন্য আগত ব্যক্তিবর্গের জন্য একটি বিকল্প প্রদান করতে পারেন যাতে তারা লগে লিখতে পারেন এবং সান্নিধ্য খুঁজে বের করার জন্য, প্রয়োজনে, যোগাযোগ করতে পারেন।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- দায়বদ্ধ পক্ষগণ, তাদের সাইটে কোনো কর্মচারীর COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল হয়েছে বলে জানতে পারলে অবশ্যই অবিলম্বে স্টেট ও স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে সে সম্পর্কে অবহিত করতে হবে।

- ফেসিলিটির সংস্পর্শে থাকা একজন কর্মচারী বা আগত ব্যক্তি টেস্টিংয়ে পজিটিভ হলে, দায়বদ্ধ পক্ষগণকে কর্মক্ষেত্রে ঐ ব্যক্তির সংস্পর্শে আসা সকলকে চিহ্নিত করার জন্য স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সাথে সহযোগিতা করতে হবে এবং কর্মচারী বা আগত ব্যক্তি (প্রয়োগযোগ্যতা অনুযায়ী) প্রথম COVID-19 এর উপসর্গ বোধ করার বা পজিটিভ টেস্ট হওয়ার, এর মধ্যে যেটি আগে হয়েছে, তার 48 ঘন্টা আগে লগ করা সকল কর্মচারী এবং ফেসিলিটিতে প্রবেশ করা আগত ব্যক্তিবর্গের সম্পর্কে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে অবগত করতে হবে।

- স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরগুলি সংক্রামিত অথবা সংস্পর্শে আসা ব্যক্তির হোম আইসোলেশন অথবা কোয়ারেন্টিন সমেত নিরীক্ষণের ব্যবস্থা বাস্তবায়ন করবে এবং গতিবিধি সীমিত করবে।

- যে সমস্ত ব্যক্তিবর্গকে সতর্ক করে দেওয়া হয়েছে যে তারা একজন COVID-19 সংক্রমিত ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি এসেছেন, এবং চিহ্নিতকরণ, ট্র্যাকিং বা অন্যান্য পদ্ধতিগুলির মাধ্যমে সতর্ক করে দেওয়া কর্মচারীদের, সতর্ক করে দেওয়ার সময় তা নিজে থেকে তাদের নিয়োগকারীকে রিপোর্ট করতে হবে এবং তারা উপরে উল্লিখিত সমস্ত প্রোটোকল মেনে চলবেন।

- দায়বদ্ধ পক্ষগণকে, চর্চাযোগ্য হিসেবে, আগত ব্যক্তিদের একটি সান্নিধ্য খুঁজে বের করার কর্মসূচিতে অপ্ট-ইন করার একটি উপায়ের প্রস্তাব দিতে হবে।

IV. নিয়োগকারীর পরিকল্পনাসমূহ

দায়বদ্ধ পক্ষগণকে সাইটের নিরাপত্তার সম্পূর্ণ পরিকল্পনাগুলি এমন জায়গাগুলিতে লাগাতে হবে যাতে সকলের চোখে পড়ে। COVID-19 এর বিস্তার রোধ করতে পরিকল্পনা গঠনের জন্য স্টেট, বিচ ও পার্ক পরিচালকদের পথ দেখাতে, একটি ব্যবসার রিওপেনিংয়ের পরিকল্পনার টেমপ্লেট উপলব্ধ করেছে।

নিরাপত্তার অতিরিক্ত তথ্য, নির্দেশিকা এবং রিসোর্সগুলি এখানে উপলব্ধ:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট (New York State Department of Health Novel Coronavirus (COVID-19) Website)
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19)
ওয়েবসাইটhttps://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কটিতে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করার জন্য আপনার দায়বদ্ধতা পড়েছেন এবং বুঝেছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation